144

তারিখ ... 24 JUL 1990

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

দৈনিক সংবাদ

### সিণ্ডিকেটের সভার সিদ্ধান্ত

# ছাত্রী মিছিলে হামলার বিচার বিভাগীয় তদন্তের সুপারিশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল সোমবার গভীর রাতে সমাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের সভায় ছাত্রী মিছিলে হামলার ঘটনার বিচার বিভাগীয় তদন্ত এবং তদন্তের মাধ্যমে চিহ্নিত দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করার সিদ্ধান্ত নেয়া হয়।

উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, যেহেতু ছাত্রী মিছিলে হামলা একটি জঘন্য অপরাধ এবং ৯ই ফেব্রুয়ারী, ১৯৮৯ তারিখে সংঘটিত অন্যান্য সন্ত্রাসী কার্যকলাপ অর্থাৎ মহসিন হলে হামলা, কনক হত্যা প্রভৃতিও যথেষ্ট গুরুত্ববহ অথচ এসব ঘটনায় জড়িত ব্যক্তিদের সন্দেহাতীতভাবে চিহ্নিত করা সম্ভব হয়নি সেহেতু ওই দিনের সমস্ত ঘটনাবলি সম্পর্কে, বিশেষ করে ছাত্রী

( শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ )

### সিন্ডিকেটের সভা

(১ম পাতার পর)

মিছিলে হামলার ঘটনাটির বিচার বিভাগীয় তদন্ত করা হোক এবং তদন্তের মাধ্যমে চিহ্নিত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের ব্যবস্থা করা হোক। এ জন্য সরকারের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

ছাত্রদের মধ্যে পারস্পরিক সম্পর্কের যাতে কোন অবনতি না ঘটে সে জন্য মূল কমিটির রিপোর্ট, যা শৃংখলা পরিষদের মতে পূর্ণাঙ্গ নয় তা প্রকাশ করা সমীচীন হবে না বলে সিদ্ধান্তে উল্লেখ করা হয়।